দর্শনা জয়নগর সীমান্তে ৬ টি সোনার বারসহ আটক ১

দর্শনা জয়নগর সীমান্তে ৬৪ লক্ষ টাকা মৃল্যের ৬ টি সোনার বারসহ এক পাসপোর্ট যাত্রীকে আটক করেছে ৬ বিজিবি।

জানাগেছে গতকাল বুধবার দুপুর আড়াইটার দিকে দর্শনা জয়নগর আইসিপি চেকপোষ্ট দিয়ে ভারতে স্বর্ন পাচারকালে পাসপোর্টধারী যাত্রী (পাসপোর্ট নম্বর-ই০০৫২৫০৩২) সোহাগ (২৩) কে আটক করে।

সে শরিয়তপুর জেলার জাজিরা থানার মেহেরআলী মাতবর কান্দী গ্রামের গোলাম মাওলা মাতবরের ছেলে।

বিজিবি জানায় গতকাল বুধবার দুপুরে বাংলাদেশ থেকে ভারতে স্বর্ন পাচার হবে এ সংবাদের ভিত্তিতে চুয়াডাঙ্গা ব্যাটালিয়ন (৬ বিজিবি) এর অধিনায়ক লেঃ কর্নেল সাঈদ মোহাম্মদ জাহিদুর রহমান, পিএসসির নেতৃত্বে, দর্শনা আইসিপি চেকপোষ্ট কমান্ডার নায়েব সুবেদার আব্দুল জলিল সঙ্গীয় ফোর্সসহ সীমান্ত মেইন পিলার ৭৬ হতে আনুমানিক ১৫০ গজ বাংলাদেশের অভ্যন্তরে অবস্থিত তার নজরদারী বৃদ্ধিসহ গমনাগমনকারী যাত্রীদের বহনীয় লাগেজ ও অন্যান্য মালামাল গভীরভাবে তল্লাশী কার্যক্রম শুরু করে। বিজিবি তার লাগেজ তল্লাশী করে কিছুই পায়নি। পরে তার স্থানীয় একটি ক্লিনিকে নিয়ে তার শরীর এক্সরে করানো হলে শরীরের মলদ্বারে ধাতব জাতীয় বস্তু দেখতে পাওয়া যায়। মলদ্বারের ভিতরে অভিনব কায়দায় লুকায়িত ৭শ গ্রাম ওজনের ০৬টি স্বর্ণের বার দেখতে পায়। তার মলদ্বারের ভিতর থেকে ৬ টি স্বর্নের বার উদ্ধার করে। তার ব্যাগে থাকা ০১টি আইফোন ১৪ প্রো ম্যাক্স মোবাইল এবং তার কাছে থাকা ৮২৪ ভারতীয় রুপি ও বাংলাদেশী নগদ ৪ হাজার ৮শ টাকা জব্দ করে। ৬টি স্বর্নের বাজার মৃল্য ৬৪ লক্ষ টাকা।

এ ঘটনায় দর্শনা আইসিপি কমান্ডার আব্দুল জলিল বাদি হয়ে দর্শনা থানায় মামলা করেছেন। গতকালই স্বর্নের বারগুলি চুয়াডাঙ্গা ট্রেজারি অফিসে জমা প্রক্রিয়াধীন রয়েছে।

দর্শনায় শান্তি ও উন্নয়ন সমাবেশ অনুষ্ঠিত

বিএনপি-জামাতের হত্যা ষড়যন্ত্র অগ্নিসন্ত্রাস নৈরাজ্যের প্রতিবাদে ও বঙ্গবন্ধু মাননীয় প্রধানমন্ত্রী রাষ্ট্রনায়ক শেখ হাসিনার নেতৃত্বে দেশের উন্নয়ন অব্যাহত রাখতে এবং স্মার্ট বাংলাদেশ প্রতিষ্ঠার লক্ষ্যে শান্তি ও উন্নয়ন সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

গতকাল মঙ্গলবার সন্ধ্যা ছয়টার দিকে দর্শনা রেলবাজার বঙ্গবন্ধু চত্বরে বাংলাদেশ আওয়ামী লীগ দর্শনা পৌর শাখার আয়োজনে এ সভা অনুষ্ঠিত হয়।

এ শান্তি ও উন্নয়ন সমাবেশে দর্শনা পৌর আওয়ামীলীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা রুস্তম আলীর সভাপতিত্বে এ সভা সমাবেশ অনুষ্টিত হয়।

এ সভায় প্রধান অতিথি হিসাবে বক্তব্য রাখেন চুয়াডাঙ্গা ২ আসনের সংসদ সদস্য উন্নয়নের রুপকার হাজী আলী আজগার টগর। তিনি বলেন শেখ হাসিনার নেতৃত্বে সারা দেশে ব্যাপক উন্নয়ন হয়েছে। রাস্তা ঘাট মসজিদ মাদ্রাসা মন্দিরসহ বিভিন্ন প্রতিষ্টানের উন্নয়ন হয়েছে ব্যাপক হারে।প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে গোটাবিশ্বে মাথা উচু করে দাঁড়িয়েছে বাংলাদেশ আওয়ামীলীগ সরকারের উন্নয়ন দেখে দিশেহারা হয়ে পড়েছে বিরোধী দল। তাই তারা অহেতুক অরাজগতা সৃষ্টি করে নির্বাচন বানচালের পায়তারায় মেতেছে। বিরোধী দলের অপকর্মকে রাজনৈতিক ভাবে মোকাবেলা করতে হবে।আসুন সবাই এককাতারে দাঁড়িয়ে রুখে দিই জামাত বিএনপির অপকর্মকে। শেখ হাসিনার নেতৃত্বে গড়ে তুলি স্মার্ট বাংলাদেশ। তাই আসুন উন্নয়নের ধারাকে অক্ষুণ্ণ রাখতে শেখ হাসিনা সরকার গঠনে আবারো নৌকায় ভোট দিন।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলার সাবেক চেয়ারম্যান গোলাম মর্তুজা, দামুড়হুদা উপজেলার আওয়ামীলীগের সাধারন সম্পাদক শহিদুল ইসলাম, দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান ও দর্শনা পৌর আওয়ামীলীগের সাধারন সম্পাদক আলী মুনছুর বাবু, দর্শনা পৌর মেয়র আতিয়ার রহমান হাবু, আওয়ামীলীগ নেতা শফিকুল আলম, আবু সাঈদ খোকন, দাউদ আলী, জয়নাল আবেদীন নফর, বিল্লাল হোসেন, মোজাহারুল ইসলাম, মমিনুল ইসলাম, কেরুজ শ্রমিক নেতা ফিরোজ

আহম্মেদ সবুজ, সাবেক সভাপতি তৈয়ব আলী, সাবেক এডি এম শেখ সাহাব উদ্দীন, উপজেলা যুবলীগের সভাপতি আব্দুল হান্নান ছোট, যুবলীগনেতা মামুন শাহ, আশরাফুল আলম, উপজেলা ছাত্রলীগের সভাপতি আরিফ মল্লিক, সাধারন সম্পাদক রিংকু, দর্শনা পৌর ছাত্রলীগের সভাপতি রফিকুল ইসলাম ববি, দর্শনা কলেজ ছাত্রলীগের সভাপতি নাহিদ পারভেজ সাধারন সম্পাদক তোফাজ্জেল হোসেন তপু প্রমুখ।

দর্শনা পুলিশের অভিযানে ১ কেজি গাঁজাসহ মহিলা গ্রেফতার

দর্শনায় থানা পুলিশের মাদক বিরোধী অভিযানে ১ কেজি গাঁজাসহ নুরজাহান (৩৮) নামে এক মহিলা গ্রেফতার হয়েছে। গ্রেফতারকৃত নুরজাহান দর্শনা থানার পারকৃষ্ণপুর (মাঝপাড়া) গ্রামের মোঃ এরশাদ আলী স্ত্রী। আজ রবিবার বেলা ১১ টার দিকে তাকে গ্রেফতার করে পুলিশ।

পুলিশ জানান, জেলা পুলিশ সুপার আব্দুল্লাহ আল মামুন এর সার্বিক দিকনির্দেশনায় দর্শনা থানা পুলিশ কর্তৃক বিশেষ অভিযানে দর্শনা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার সাহার নেতৃত্বে দর্শনা থানার এসআই (নিঃ) মোঃ সুজন আলী সঙ্গীয় অফিসার ও ফোর্সসহ বিশেষ অভিযান পরিচালনাকালে গোপন সংবাদের ভিত্তিতে আজ রবিবার বেলা ১১ টায় দর্শনা থানাধীন কৃষ্ণপুর গ্রামস্থ কৃষ্ণপুর ডাঙ্গার মাঠের জনৈক ফারুক মল্লিকের আবাদী জমির উত্তর পার্শ্বে দর্শনা-হিজলগাড়ী গামী পাঁকা রাস্তার উপর থেকে মোছাঃ নুরজাহান (৩৮) কে ১ কেজি গাঁজাসহ গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে দর্শনা থানায় নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

দর্শনা সরকারি কলেজে নবীন বরণ অনুষ্ঠানে এমপি টগর

দর্শনা সরকারি কলেজ নবীন বরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হাজী মোঃ আলী আজগার টগর এমপি নবীনদের উদ্দেশ্যে বলেন, আমি এই কলেজের ছাত্র ছিলাম। ভালো ছাত্র হওয়ার আগে, ভালো মানুষ হতে হবে। তোমরা উচ্চ শিক্ষায় শিক্ষিত হওয়ার দীক্ষা দর্শনা সরকারি কলেজ থেকেই নেবে। ভালো মানুষ হতে হলে পড়াশুনা করতে হবে। তোমরাই ভবিষ্যতের বাংলাদেশ। তাই তোমাদের সুপথে চলতে হবে আলোকিত মানুষ হতে হবে। শিক্ষার্থীদের বিভিন্ন দাবীর প্রেক্ষিতে প্রধান অতিথি বলেন, কলেজে অচিরেই একটি আধুনিক মানের ছাত্র ছাত্রী জন্য হোস্টেল নির্মাণ করা হবে এবং মাষ্টার যাতে এই কলেজে থেকে পরীক্ষা দিতে পারে তা চালু করার জন্য যা যা করার আমি আপনাদের সহযোগিতা করবো। শিক্ষার্থীদের উন্নয়নে যা যা প্রয়োজন পর্যায়ক্রমে তা অবশ্যই করা হবে।

দর্শনা সরকারি কলেজে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির শিক্ষার্থীদের নবীন বরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

আজ রবিবার সকাল সাড়ে ১০ টার দিকে নবাগত শিক্ষার্থীদের বরণ করতে কলেজ প্রাঙ্গনে উৎসবমুখর পরিবেশে দর্শনা কলেজে আয়োজিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কলেজের অধ্যক্ষ প্রফেসার রেজাউল করিম। অনুষ্ঠানের প্রধান অতিথি ছিলেন চুয়াডাঙ্গা ২ আসনের মাননীয় সাংসদ হাজী মোঃ আলী আজগার টগর এমপি।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান মোঃ আলী মুনছুর বাবু, দর্শনা পৌর মেয়র আতিয়ার রহমান হাবু, দর্শনা পৌর আওয়ামী লীগের সভাপতি বীরমুক্তিযোদ্ধার রুস্তম আলী, দর্শনা পৌর আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ও দর্শনা নাগরিক কমিটির সদস্য সচিব গোলাম ফারুক আরিফ, দামুড়হুদা উপজেলা যুবলীগের সভাপতি আব্দুল হান্নান ছোট, জীবননগর উপজেলা যুবলীগের সভাপতি আব্দুল সালাম ইশা,দর্শনা কলেজ ছাত্র লীগের সভাপতি পারভেজ, সাধারণ সম্পাদক মোফাজ্জেল হোসেন তপু, সাংগঠনিক সম্পাদক আলী আবরার অপুপ্রমুখ। কলেজের শিক্ষক-শিক্ষার্থী এবং কর্মচারীসহ এলাকার গন্যমান্য ব্যক্তিবর্গ।

রাষ্ট্র বিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক জামসেদ আলীর সঞ্চালনায় অনুষ্টানের শুরুতে পবিত্র কুরআন তেলাওয়াত ও পবিত্র গীতা পাঠ করেন কলেজের ছাত্র ছাত্রী। এরপর প্রধান অতিথি ও বিশেষ অতিথিদের ফুল দিয়ে বরণ করা হয়। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করা হয়।

আলোচনা সভা শেষে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানে মধ্যে দিয়ে মনোমুগ্ধকর গানের মাধ্যমে শেষ হয় অনুষ্টানটি।

দর্শনা পুলিশের অভিযানে ইয়াবা ও ট্যাবলেটসহ গ্রেফতার ১

দর্শনা থানা পুলিশ ৬০ পিস ইয়াবা ট্যাবলেটসহ ১জনকে গ্রেফতার করেছে।

আজ শনিবার দুপুর ২ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার সাহার নেতৃত্বে দর্শনা থানার এসআই(নিঃ) মোঃ ফজলুর রহমান সঙ্গীয় অফিসার ও ফোর্সসহ দর্শনা পৌর এলাকার পাঠানপাড়ার রেল কলোনীর সামনে এক অভিযান চালায়।

এসময় দামুড়হুদার জয়রামপুর কলোনী পাড়ার আঃ কুদ্দুসের ছেলে রিপন হোসেন(২২)কে আটক করে।পরে তার দেহ তল্লাসী করে ৬০ পিস ইয়াবাট্যাবলেট উদ্ধার করে।গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে দর্শনা থানায় মামলা হয়েছে।

দর্শনায় জুয়ার আসরে পুলিশের

অভিযান; গ্রেফতার-৪

দর্শনা রেল বাজারে জুয়ার আসরে পুলিশ অভিযান চালিয়েছে। এ অভিযানে জুয়ার আসর হতে নগদ টাকা ও জুয়া খেলার সরঞ্জাম সহ ৪ জুয়াড়ীকে গ্রেফতার করেছে। গ্রেফতারকৃতরা দর্শনা পৌর এলাকার ঘুঘুডাঙ্গার রাকিব হাসান টিটু, মোবারকপাড়ার আশিক, শাহারুল ইসলাম ও পরানপুরের ফারুক মিয়া।

পুলিশ জানায়, দর্শনা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার সাহার নেতৃত্বে থানার এসআই ফাহিম হোসেন সঙ্গীয় অফিসার-ফোর্সসহ দর্শনা থানা এলাকায় মাদক উদ্ধার গ্রেফতারী পরোয়ানা তামিল ও বিশেষ অভিযান ডিউটি করাকালে গোপন সংবাদের ভিত্তিতে গত বুধবার (৪ অক্টোবর) সন্ধা সাড়ে ৬ টার দিকে দর্শনা রেল বাজারস্থ জনৈক সিরাজুল ইসলামের মাছের আড়তের সামনে জুয়ার আসরে অভিযান চালায়। এ অভিযানে জুয়ার আসর হতে নগদ ১১ শত (এক হাজার এক শত) টাকা, ১ সেট তাস এবং ১টি প্লাষ্টিকের বস্তা উদ্ধার সহ জুয়াড়ী দর্শনা পৌর এলাকার ঘুঘুডাঙ্গার মুন্না সুলতানের ছেলে রাকিব হাসান টিটু (৩৫), মোবারকপাড়ার হাসেম খানের ছেলে আশিক (২৮), পিয়ার আলীর ছেলে শাহারুল ইসলাম (৩৪) ও পরানপুরের নেকবার আলীর ছেলে ৪। মোঃ ফারুক মিয়াকে (২৪) গ্রেফতার করেন।

এ বিষয়ে দর্শনা থানায় গ্রেফতারকৃত ও পলাতক আসামিদের বিরুদ্ধে নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

দর্শনায় আন্তর্জাতিক প্রবীণ দিবস পালন

আন্তর্জাতিক প্রবীণ দিবস উপলক্ষে দর্শনায় প্রবীন কমিটির উদ্যোগে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। আজ রবিবার সকাল ১০ টার দিকে দর্শনা পুরাতন বাজার মোড় থেকে প্রবীণ কমিটির সদস্যরা দর্শনার প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে দর্শনা পৌর হল রুমে এসে শেষ হয়।

দর্শনা পৌর হলরুমে সাবেক উপাধ্যক্ষ মোশারেফ হোসেনের সভাপতিত্বে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যানর ও দর্শনা পৌর আ’লীগের সাধারন সম্পাদক আলী মনসুর বাবু।

এ সময় তিনি বলেন প্রবীণরা সমাজের বুঝা নয়। প্রবীনরা সমাজের বট বৃক্ষ তাদের দ্বারা পূর্বে সমাজের অনেক জ্ঞানের আলো ছড়িয়েছেন। প্রবীণরা সমাজের উন্নয়নের চাবিকাঠি হয়ে আছেন এলাকার সমস্যা সুবিধা অসুবিধা গুলো আমাদের কাছে তুলে ধরেন তাদের এই জ্ঞানগর্ভ আলোচনার মাধ্যমে যেকোনো সমস্যার সমাধান করা সহজ হয়। আমরা যারা সমাজের নেতৃত্ব দিই আমাদের খেয়াল রাখতে হবে যাতে কোন এলাকায় প্রবীনরা অবহেলার পাত্র না হয়।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন দর্শনা পৌরসভার মেয়র আতিয়ার রহমান হাবু, বীর মুক্তিযোদ্ধা ফজলুর রহমান, দর্শনা ইমাম পরিষদের সভাপতি মাওলানা নুরুল ইসলাম, সমাজসেবক আকমত আলী।আলোচনা শেষে প্রবীন কমিটির অন্যতম সদস্য হাজী জয়মৃল ইসলাম কচি সদ্য মৃত্যু বরণ করেন কচি মিয়ার রুহের মাগফেরাত কামনায় দোয়া অনুষ্ঠিত হয়। দোয়া পরিচালনা করেন মাওলানা নুরুল ইসলাম। পরিশেষে আন্তর্জাতিক প্রবীন দিবস উপলক্ষে কেক কাটার মধ্যে দিয়ে অনুষ্ঠানের সমাপ্তি হয়।

দর্শনা পৌর মুক্তিযাদ্ধা সন্তান কমান্ডরের কমিটি গঠন

বাংলাদেশের বীর মুক্তিযাদ্ধা সন্তান কমান্ডের দর্শনা পৌর শাখা কমিটি ঘোষনা করা হয়েছে। এ কমিটিত কেরুজ চিনিকলের অবসরপ্রাপ্ত নিরাপত্তা ইন্সপেক্টর গিয়াসউদ্দিন পিনা সভাপতি ও সাধারণ সম্পাদক করা হয়েছে আলমগীর রহমানকে।

আজ শনিবার সকাল ১০ টার দিকে কেরুজ ট্রনিং কমপ্লেক্স অনুষ্ঠিত সভায় এ কমিটির দুটি পদ নাম ঘোষনা করা হলেও বাকী ৪৯ জনর নাম ঘোষনা দেয়া হতে পারে আগামি ৭ দিনের মধ্য।

কমিটি গঠন ও আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য দেন, কেদ্রীয় মুক্তিযোদ্ধা সন্তান কমান্ডের সভাপতি মিজানুর রহমান। প্রধান বক্তা যুগ্ন সাধারণ সম্পাদক মিজানুর রহমান আজাদ, বশির আহমদ, খুলনা বিভাগীয় সভাপতি নাজমুল সাকিব সিদ্দিকী, সাধারণ সম্পাদক ফকির মোহাম্মদ আলী, সহসভাপতি রোকেয়া পারভিন, চুয়াডাঙ্গা জেলা আহায়ক গরীব রুহানী মাসুম। বিশেষ অতিথি ছিলেন, কেদ্রীয় কমিটির সহসভাপতি আবু ইউসুফ ব্যাপারী, সাংগঠনিক সম্পাদক কামরুল ইসলাম, মনজুরুল ইসলাম, ঢাকা দক্ষিনের সভাপতি মাহমুদুল হাসান ঝটু, নুসরাত জাহান, ছালাউদ্দিন প্রমুখ।

অন্যান্যর মধ্যে উপস্তিত ছিলেন, বীর মুক্তিযোদ্ধা আব্দুর রশিদ, সন্তান কমান্ডের নাজিম উদ্দিন, খবির উদ্দিন, বাবুল আক্তার, শওকত আলী ও মোহাম্মদ আলী। সভার সভাপতিত্ব করেন দামুড়হুদা উপজেলা শাখার আহায়ক কামাল উদ্দিন আহমেদ সান্টু।
উপস্থাপনা করেন যুগ্নআহায়ক ইকবাল রেজা। পরে দর্শনা পৌর শাখার সভাপতি পদ গিয়াস উদ্দিন পিনা ও সাধারণ সম্পাদক আলমগীর রহমানের নাম ঘোষনা দেন কেদ্রীয় কমিটির নেতৃবৃন্দ। আগামী ৭ দিনের মধ্যে পূর্ণাঙ্গ কমিটি গঠন হবে বলে জানান কামাল উদ্দিন আহমদ সান্টু। পরে একটি র্যালি বের করে কেরুজ আঙ্গিনা প্রদক্ষিন করেন।

দর্শনা দোকান মালিক সমিতির নির্বাচন কমিশন গঠন

দর্শনা রেলবাজার দোকান মালিক সমিতির নাম পরিবর্তন করে নতুনভাবে নামকরণ করা হয়েছে দর্শনা দোকান মালিক সমিতি। দর্শনা দোকান মালিক সমিতির সাধারণসভা অনুষ্ঠিত হয়েছে। গত পরশু শুক্রবার সন্ধ্যায় দর্শনা রেলবাজাররে কাচামাল আড়ৎ পাট্রিত অনুষ্ঠিত এ সভায় অতিথি হিসবে উপস্তি ছিলেন, দোকান মালিক সমিতি সাবেক সভাপতি তোফাজ্জল হোসন, বিশিষ্ট সমাজ সেবক আকমত আলী, আশরাফুল হক উলুম, আব্দুস সালাম, সাংবাদিক হানিফ মন্ডল, হাজি হাফিজুল ইসলাম, খন্দকার জহিদুল ইসলাম, হারুন অর রশিদ প্রমুখ।

সভাপতিত্ব করেন দোকান মালিক সমিতির সভাপতি টিপু সুলতান। উপস্থাপনা করেন সাধারণ সম্পাদক সাবির হোসন মিকা। সেই সাথে নির্বাচন পরিচালনা কমিটির নাম ঘোষনা করা হয়। নির্বাচন পরিচালনা পর্ষদের প্রধান, চুয়াডাঙ্গা সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ প্রফেসর আজিজুর রহমান। সদস্য হাজি আকমত আলী, গোলাম ফারুক আরিফ, আশরাফুল হক উলুম, মাও শফিউদ্দিন, হানিফ মন্ডল ও হাফিজুল ইসলাম।

আজ শনিবার সন্ধ্যায় নির্বাচন পরিচালনা কমিটির প্রথম বৈঠকেই নির্বাচনী তফসিল ঘোষনা করেছে। কমিটির প্রধান আজিজুর রহমান স্বাক্ষরিত ঘোষিত তফসিলে জানা গেছে, গতকালেই সমিতি কর্তক প্রদেয় খসরা ভাটার তালিকা প্রকাশ করা হয়েছে।

আগামীকাল ররিবার থেকে মঙ্গলবার পর্যন্তÍ ভোটার তালিকায় অন্তভূক্তি ও ওয়ার্ড সংশোধনীয়। ৪ অক্টোবর চুডান্ত ভোটার তালিকা প্রকাশ করা হবে। ৫ ও ৬ অক্টোবর প্রার্থীদের মধ্য মনোনয়নপত্র বিতরণ। ৭ অক্টাবর মনোনয়নপত্র জমা, পররে দিন মনোনয়নপত্র বাচাই, প্রার্থীতা বাতিলর উপর আপিল ও বৈধ প্রার্থী তালিকা প্রকাশ। ৯ অক্টাবর প্রার্থীতা প্রত্যাহার, পররে চুড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ ও প্রার্থীদর মধ্য প্রতিক বরাদ্দ দেয়া হবে। ২০ অক্টোবর সকাল ৮ টা থেকে বিকাল ৪ টা পর্যন্তবিরতিহীনভাবে দর্শনা ডিএস সিনিয়র ফাজিল ডিগ্রী মাদরাসা কেদ্র গোপন ব্যালাটের মাধ্যমে ভোট গ্রহন করা হবে।

দর্শনায় দোকান মালিক সমিতির ত্রি- বার্ষিক সাধারণ সভা

দর্শনায় দোকান মালিক সমিতির ত্রি-বার্ষিক সাধারন সভা অনুষ্টিত হয়েছে। আজ শুক্রবার সন্ধায় দর্শনা রেল বাজার কাঁচা বাজার চত্বরে এ সাধারন সভা অনুষ্টিত হয়।

দর্শনা রেল বাজার দোকান মালিক সমিতির সাধারন সভায় সভাপতিত্ব করেন,দোকান মালিক সমিতির সভাপতি টিপু সুলতানের সভাপতিত্বে, অতিথী হিসাবে উপস্থিত ছিলেন,সাবেক সভাপতি তোফাজ্জেল

হোসেন,বিশিষ্ট সমাজ সেবক হাজী আকমত আলী,আশাবুল হক উলুম,আব্দুস সালাম,দর্শনা প্রেসক্লাবের সাধারন সম্পাদক হানিফ মন্ডল,বিশিষ্ট ব্যাবসায়ী হাফিজ উদ্দীন, হারুন অর রশিদ, বিশিষ্ট হোটেল ব্যাবসায়ী জহির উদ্দীন, অনুষ্টানটি উপস্থাপনা করেন,দর্শনা রেল বাজার দোকান মালিক সমিতির সাধারন সম্পাদক, সাবির হোসেন মিকা।এ সাধারন সভায় নির্বাচন কমিশনের নাম ঘোষনা করা হয়েছে।

এ কমিটিতে প্রধান নির্বাচন কমিশনার চুয়াডাঙ্গা মহিলা সরকারী কলেজের অধ্যক্ষ আজিজুর রহমানকে প্রধান নির্বাচন কমিশনার করে। হাজী আকমত আলী, আশরাফুল হক উলুম, গোলাম ফারুক আরিফ, হানিফ মন্ডল, শফি উদ্দীন, হাফিজকে সদস্য করা হয়েছে। আগামী ২০ অক্টোবর দর্শনা রেল বাজার দোকান মালিক সমিতির নির্বাচন অনুষ্টিত হবে।